**Cambridge Assessment International Education**
Cambridge Ordinary Level

CANDIDATE NAME

CENTRE NUMBER

CANDIDATE NUMBER

**BENGALI** **3204/02**

Paper 2 Language Usage and Comprehension **May/June 2019**

**1 hour 30 minutes**

Candidates answer on the Question Paper.

No Additional Materials are required.

**READ THESE INSTRUCTIONS FIRST**

Write your centre number, candidate number and name in the spaces at the top of this page.
Write in dark blue or black pen.
Do not use staples, paper clips, glue or correction fluid.
DO **NOT** WRITE IN ANY BARCODES.

Answer **all** questions in **Bengali** in the spaces provided.
Dictionaries are **not** permitted.

The number of marks is given in brackets [ ] at the end of each question or part question.

This document consists of **10** printed pages, **2** blank pages and **1** Insert.

DC (KS) 168200/2
© UCLES 2019

Cambridge Assessment International Education

**[Turn over**

## Section A
## বিভাগ : ক

**Combinations of Words**

সন্ধি

নিচে দেওয়া শব্দগুলোর সন্ধি কর।

**1** ফল + আহার

........................................................................................................................................ [2]

**2** পর + উপকার

........................................................................................................................................ [2]

**3** শোক + ঋত

........................................................................................................................................ [2]

**4** বি + অবস্থা

........................................................................................................................................ [2]

**5** নিঃ + আকার

........................................................................................................................................ [2]

© UCLES 2019

## Idioms, Proverbs and Words in Pairs
বাগধারা, প্রবচন এবং জোড়াশব্দ

নিচে দেওয়া বাগধারা/প্রবচন/জোড়াশব্দের তালিকা থেকে সঠিক উত্তরটি বেছে কেবল তার **নম্বরটি** বসিয়ে প্রতিটি বাক্যের শূন্যস্থান পূরণ কর।

| | |
|---|---|
| **(1)** কারও পৌষমাস কারও সর্বনাশ | **(6)** আমোদপ্রমোদ |
| **(2)** গাছে কাঁঠাল গোঁফে তেল | **(7)** ঘোড়া ডিঙিয়ে ঘাস খাওয়া |
| **(3)** ফেল কড়ি মাখ তেল | **(8)** চক্ষু চড়কগাছ |
| **(4)** লাভের গুড় পিঁপড়েয় খায় | **(9)** পদ্মপাতায় জল |
| **(5)** দেনাপাওনা | **(10)** ধরাকে সরা জ্ঞান |

**6** চাকরির পরীক্ষা দিতে না দিতেই গাড়ি কেনার পরিকল্পনা চলছে, এ তো দেখছি ...............! [2]

**7** পাড়ার বুবাই টেলিভিশনে গান গেয়ে এখন ........... করছে, আমাদেরকে আর চিনতে পারে না। [2]

**8** ভুলে যেও না তোমার এই খ্যাতি আজ আছে তো কাল নেই, সবটাই যেন .................. । [2]

**9** বন্ধুদের সঙ্গে ................. করেই ছুটিটা এত তাড়াতাড়ি ফুরিয়ে গেল যে টেরই পেলাম না। [2]

**10** লটারীতে পাওয়া টাকাগুলো জরিমানা দিতে দিতে শেষ হয়ে গেল, ................ বৈকি! [2]

© UCLES 2019

**Sentence Transformation**

বাক্য রূপান্তর

নিচের প্রত্যেকটি অসম্পূর্ণ বাক্যকে এমনভাবে লেখ যেন উপরের বাক্যটির অর্থ বদলে না যায়।

**11** যদি তুমি ট্রেনটা ধরতে চাও জোরে জোরে হাঁটতে হবে।

ট্রেনটা ............................................................................................। [2]

**12** অনুশীলন ছাড়া এই প্রতিযোগিতায় জেতা যায় না।

অনুশীলন ............................................................................................। [2]

**13** কয়জনই বা কঠোর পরিশ্রম করতে পারে?

কঠোর পরিশ্রম............................................................................................। [2]

**14** তোমার গানের প্রশংসা তো সকলেই করে।

তোমার ............................................................................................ ? [2]

**15** মা বললেন, " আকাশে মেঘ, ছাতাটা তুমি সঙ্গে রেখো।"

মা বললেন যে ............................................................................................। [2]

© UCLES 2019

**Cloze Passage**

শূন্যস্থান পূরণ

নিচে দেওয়া শব্দের তালিকা থেকে উপযুক্ত **শব্দটি** বেছে নিয়ে এই অনুচ্ছেদের প্রত্যেকটি শূন্যস্থান পূরণ কর।

কবির ভাষায় 'আমের তুল্য ফল নাই।' অর্থাৎ ফলের রাজা আম। এই নামটার মধ্যে যেমন একটা **(16)__________** গন্ধ আছে, ফলটাও বেশ প্রাচীন। ইতিহাস খুঁড়ে দেখা যায় সেই চতুর্দশ শতকের ইবনে বতুতা কিংবা মুঘল আমলে সম্রাট আকবরের **(17)__________** ফল ছিল আম। আমলা থেকে আমজনতা, সকলেরই প্রিয় ফল আম। এটা মূলত **(18)____________** দেশের ফল। এর ফলন প্রথম দেখা যায় ভারতবর্ষে। সেখান থেকেই দক্ষিণ এশিয়ার এবং মধ্য প্রাচ্যের নানা দেশে ছড়িয়ে পড়ে। দক্ষিণ আমেরিকা ও আফ্রিকার বিভিন্ন দেশের ফলন সারাবছরই আমের বাজারকে সরগরম রাখে। আমাদের দেশে এই ফলের **(19)__________** মাস দুই-তিনেক, কালবৈশাখীর ঝড়ে কুড়িয়ে আনা আমের আম-ছেঁচো থেকে শুরু করে বেশি পেকে মজে যাওয়া আমের আমসত্ত্ব তৈরিতে শেষ হলেও এর নানান ব্যঞ্জন আমরা বছরভর **(20)___________** করে থাকি। কাঁচা ও পাকা দুটোই আমাদের কাছে **(21)___________** লোভনীয়। অতিরিক্ত গরমে ঝলসানো শরীরের তাত কমাতে কাঁচা আমের শরবৎ, আমপোড়া, আমছেঁচো, আমের টকডাল বা আমের চাটনির মতো পদ অতি **(22)__________**। আমের আচার, আমকাসুন্দি, আম শুকিয়ে আমসি বা আমচুর করে বয়ামে রেখে অসময়ে নানা পদে ব্যবহার করে আমের মুখরোচক **(23)_________** গ্রহণ করে থাকি। আর পাকা আম? সে তো **(24)__________** সমান। কেবল ফল হিসেবেই আহারের এর নানান বাহারের সঙ্গে আমরা সকলেই বিশেষভাবে পরিচিত। এই সুমিষ্ট ফলের **(25)__________** সুস্বাদ ও সুঘ্রাণ আমাদের রসেন্দ্রিয়কে যে খুব সহজেই বশীভূত করে তা স্বীকার করতে আমাদের কারও কিন্তু আমতা আমতা নেই।

| | | |
|---|---|---|
| অমৃত | সমানভাবে | স্বাদ |
| উপভোগ | মরসুম | গ্রীষ্মপ্রধান |
| প্রিয় | পুরনো | বিচিত্র |
| উজ্জ্বল | ভেসে | উপাদেয় |
| অতুলনীয় | বাছাই | তুলনা |

[20]

## Section B
## বিভাগ : খ

**Multiple choice comprehension**

বোধজ্ঞানের বহুবিকল্প প্রশ্ন

**প্রশ্নপত্রের সঙ্গে দেওয়া 1 নম্বর নিবন্ধটি পড়ে 26 থেকে 32 নম্বর প্রশ্নগুলোর উত্তর দাও। প্রতিটি প্রশ্নের সঠিক উত্তরটি বেছে উপযুক্ত বাক্সে ✓ দাও।**

**26** যন্ত্রমানবকে কাজখেকো আখ্যা দেওয়া হয়েছে কেন?

- **A** ☐ কলকারখানায় কোনো কাজে মানুষের দরকার হয় না তাই।
- **B** ☐ অফিস-কাছারিতে এরা সব কাজেই অত্যন্ত পারদর্শী বলে।
- **C** ☐ ঘরগেরস্থালীর কাজে এদের কোনো জুড়ি নেই বলে।
- **D** ☐ কারণ বহু মানুষের কাজ একাই করতে পারে।

[2]

**27** আমাদের বিনোদনে যন্ত্রমানবের চাহিদা অনেক তা কীভাবে বুঝতে পারি?

- **A** ☐ পিয়ানো বাদক হিসেবে তার সুখ্যাতি বিশ্বজোড়া।
- **B** ☐ গান ও কবিতা বা গল্পবলা যন্ত্রমানব ছোটদের কাছে অত্যন্ত প্রিয়।
- **C** ☐ চোখের পলকেই এঁকে ফেলতে পারে অসংখ্য মন মাতানো ছবি।
- **D** ☐ এদের উপস্থিতি ছাড়া যেকোনো জলসা হওয়া অসম্ভব।

[2]

**28** তৃতীয় অনুচ্ছেদ অনুযায়ী যন্ত্রমানব সম্পর্কে কোন তথ্যটি **সঠিক**?

- **A** ☐ যন্ত্রমানবের হাত কর্মঠ হওয়া সত্ত্বেও কোনও কাজই পারে না।
- **B** ☐ আমাদের একাকী দুপুরে খেলাধূলার একমাত্র সঙ্গী যন্ত্রমানব।
- **C** ☐ আমাদের মনের আবেগে যন্ত্রমানব সাড়া দিতে পারে না।
- **D** ☐ যন্ত্রমানব আমাদের সব কাজের অত্যন্ত নির্ভরযোগ্য সঙ্গী।

[2]

© UCLES 2019

**29** যন্ত্রমানবের কোন বিষয়টি নিয়ে বিজ্ঞানীরা গবেষণা চালিয়ে যাচ্ছেন?

| | | |
|---|---|---|
| **A** | | কীভাবে এদের শরীরে আবেগের বীজ পুঁতে দেওয়া যায়। |
| **B** | | কীভাবে এদেরকে আরও শক্তিশালী করে তোলা যায়। |
| **C** | | কীভাবে এদেরকে মানুষের প্রতিদ্বন্দ্বী করে তোলা যায়। |
| **D** | | কীভাবে এদেরকে দেখতে অবিকল মানুষের মতো করা যায়। |

[2]

**30** সহকর্মীর সঙ্গে যন্ত্রমানব তখনই সুসম্পর্ক স্থাপন করতে পারবে যখন -

| | | |
|---|---|---|
| **A** | | সহকর্মীকে হাত পা নেড়ে সব বুঝিয়ে দিতে পারবে। |
| **B** | | সহকর্মীদের মতো সেও একই ভাষায় কথা বলতে পারবে। |
| **C** | | সহকর্মীরা কিছু বলার আগেই ওদের মনের ভাষা পড়তে পারবে। |
| **D** | | সহকর্মীর সব কাজ একাই নিমেষে করে দিতে পারবে। |

[2]

**31** এক বাঙালী বিজ্ঞানী কোন বিষয়টিতে আশাবাদী হলেন?

| | | |
|---|---|---|
| **A** | | যন্ত্রমানবের সঙ্গে মানুষের যোগাযোগ স্থাপনের উপায় নিয়ে। |
| **B** | | অ্যানিমেশন ফিল্মের নকশাগুলোর সজ্জাবিন্যাস নিয়ে। |
| **C** | | পশুপাখির সাংকেতিক ভাষাগুলোর পরিবর্তন নিয়ে। |
| **D** | | মানুষের শারীরিক সংকেতগুলোর অপব্যবহার নিয়ে। |

[2]

**32** খুব শীঘ্রই যন্ত্রমানব আমাদের পরম সঙ্গী হয়ে উঠবে কারণ তারা -

| | | |
|---|---|---|
| **A** | | আমাদের মতো কথা বলে আবেগ প্রকাশ করতে পারছে। |
| **B** | | আমাদের সাংকেতিক ভাষা অনুযায়ী সাড়া দিতে পারছে। |
| **C** | | আমাদের জীবনের সব সমস্যার সমাধান করে দিতে পারছে। |
| **D** | | আমাদের সব সাংকেতিক নকশা হুবহু নকল করতে পারছে। |

[2]

## Section C
## বিভাগ : গ

**OE Comprehension**

বোধজ্ঞানের মুক্ত প্রশ্ন

প্রশ্নপত্রের সঙ্গে দেওয়া **2** নম্বর নিবন্ধটি পড়ে **33** থেকে **38** নম্বর প্রশ্নের উত্তর দাও। নিবন্ধ থেকে কোনো সম্পূর্ণ বাক্য অবশ্যই হুবহু নকল করবে না। *(প্রত্যেকটি প্রশ্নের সঠিক উত্তরের জন্য **4** নম্বর ও সুন্দর ভাষার জন্য **2** নম্বর)।*

**33** গ্রামটা যে বেশ প্রত্যন্ত তা কীভাবে বোঝা যায়? **চারটি** উদাহরণ দাও।

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

[6]

**34** আনন্দ নিকেতনকে লেখকের কাছে সবুজদ্বীপ মনে হয়েছে কেন? **চারটির** বিবরণ দাও।

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

[6]

© UCLES 2019

**35** আনন্দ নিকেতনের পাঠ বিরতিতে লেখক কী কারণে মুগ্ধ হলেন? **চারটির** উল্লেখ কর।

..................................................................................................................................................

..................................................................................................................................................

..................................................................................................................................................

..................................................................................................................................................

..................................................................................................................................................

..................................................................................................................................................
[6]

**36** লেখক কীভাবে বুঝলেন ছাত্রীরা তাদের ভবিষ্যতের ঠিকানা খুঁজে পেয়েছে? **চারটি** উদাহরণ দাও।

..................................................................................................................................................

..................................................................................................................................................

..................................................................................................................................................

..................................................................................................................................................

..................................................................................................................................................

..................................................................................................................................................
[6]

**37** মেয়েদের স্কুল খোলার পেছনে মূল উৎসাহটা অধ্যক্ষা কীভাবে পেয়েছিলেন? **চারটির** বিবরণ দাও।

..................................................................................................................................................

..................................................................................................................................................

..................................................................................................................................................

..................................................................................................................................................

..................................................................................................................................................

..................................................................................................................................................
[6]

© UCLES 2019

**38** আনন্দ নিকেতন গড়ে তুলতে অধ্যক্ষা শুরু থেকে কীভাবে এগিয়ে গিয়েছিলেন? **চারটির** বর্ণনা দাও।

....................................................................................................................................

....................................................................................................................................

....................................................................................................................................

....................................................................................................................................

....................................................................................................................................

....................................................................................................................................
[6]

## Vocabulary

শব্দার্থ
এই নিবন্ধ থেকে নেওয়া নিচের প্রতিটি শব্দের কেবল **একটিমাত্র** অর্থ লেখ।

**39** প্রবেশ

.................................................................................................................................. [2]

**40** প্রাণবন্ত

.................................................................................................................................. [2]

**41** নিমগ্ন

.................................................................................................................................. [2]

**42** হতাশ

.................................................................................................................................. [2]

**43** নিঃশেষ

.................................................................................................................................. [2]

© UCLES 2019

**BLANK PAGE**

© UCLES 2019

**BLANK PAGE**

Permission to reproduce items where third-party owned material protected by copyright is included has been sought and cleared where possible. Every reasonable effort has been made by the publisher (UCLES) to trace copyright holders, but if any items requiring clearance have unwittingly been included, the publisher will be pleased to make amends at the earliest possible opportunity.

To avoid the issue of disclosure of answer-related information to candidates, all copyright acknowledgements are reproduced online in the Cambridge Assessment International Education Copyright Acknowledgements Booklet. This is produced for each series of examinations and is freely available to download at www.cambridgeinternational.org after the live examination series.

Cambridge Assessment International Education is part of the Cambridge Assessment Group. Cambridge Assessment is the brand name of the University of Cambridge Local Examinations Syndicate (UCLES), which itself is a department of the University of Cambridge.

© UCLES 2019